

## টাঃ বিঃ শিক্ষকদের নির্বাচন

প্রতিদ্বন্দ্বিতায় নেমেছে  
তিনটি প্যানেল

॥ কৈলাস সরকার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক পরিষদ এবং ফিন্যান্স কমিটির নির্বাচনে ৩টি প্রতিদ্বন্দ্বী শিক্ষক দল মনোনয়নপত্র জমা দিয়েছে। নির্বাচন হবে ১২ই নভেম্বর। কাল ছিল মনোনয়ন পেশের শেষ দিন।

আওয়ামী লীগ সমর্থিত 'নীল' দল, বিএনপি ও জামাত সমর্থিত 'সাদা' দল

এবং এক সময়ের নিরপেক্ষতার দাবিদার 'গোলাপি' দল এ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে।

সিন্ডিকেট, একাডেমিক পরিষদ ও ফিন্যান্স কমিটির মোট ১৩টি গুরুত্বপূর্ণ পদে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। এর মধ্যে সিন্ডিকেটের ৬টি, একাডেমিক পরিষদের ৬টি ও ফিন্যান্স কমিটির ১টি পদ রয়েছে।

টাঃ বিঃ পৃঃ ১১ কঃ ২

## টাঃ বিঃ তিনটি প্যানেল

(১ম পৃষ্ঠার পর)

সিন্ডিকেটের ৬টি পদের মধ্যেও আবার শ্রেণীবিভাজন রয়েছে। এর মধ্যে ১টি ডিন প্রতিনিধি পদ, ১টি প্রভোস্ট প্রতিনিধি পদ, ১টি অধ্যাপক প্রতিনিধি পদ, ১টি সহযোগী অধ্যাপক প্রতিনিধি পদ, ১টি সহকারী অধ্যাপক প্রতিনিধি পদ, ১টি প্রভাষক প্রতিনিধি পদ। একইভাবে একাডেমিক পরিষদের মধ্যেও শ্রেণীবিভাজন রয়েছে। যেমন- সহযোগী অধ্যাপক প্রতিনিধি ৩ জন এবং সহকারী অধ্যাপক ও প্রভাষক প্রতিনিধি ৩ জন।

৩টি দলই পৃথকভাবে রেজিস্টার অফিসে তাদের মনোনয়নপত্র জমা দিয়েছেন। 'নীল' দল ও 'সাদা' দল পূর্ণ প্যানেলে প্রতিদ্বন্দ্বিতা করলেও 'গোলাপি' দল মাত্র ৫টি পদে প্রতিদ্বন্দ্বিতা করবে। তারা সিন্ডিকেটের ৪টি পদে ও ফিন্যান্স কমিটিতে মনোনয়নপত্র জমা দিয়েছেন।

নীল দল থেকে সিন্ডিকেটে যারা প্রার্থী হয়েছেন তারা হলেন ডিন পদে কলা অনুষদের ডিন ডঃ কাজী শহীদুল্লাহ, প্রভোস্ট পদে বঙ্গবন্ধু হলের প্রভোস্ট ডঃ মোঃ আবদুল আজিজ, অধ্যাপক পদে অর্থনীতি বিভাগের ডঃ এটিএম জাহরুল হক, সহযোগী অধ্যাপক পদে মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ডঃ সহিদ আকতার হুসাইন, সহকারী অধ্যাপক পদে শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের কাজী আফরোজ জাহান আরা, প্রভাষক পদে ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের আজহার আলী চৌধুরী।

একাডেমিক পরিষদে সহযোগী অধ্যাপক প্রতিনিধি ভূতত্ত্ব বিভাগের ডঃ সৈয়দ হুমায়ুন আখতার, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের ডঃ একেএম সাইফুল মজিদ, গণিত বিভাগের ডঃ অমল কৃষ্ণ হালদার। সহকারী অধ্যাপক ও লেকচারার প্রতিনিধিরা হলেন প্রাণ রসায়ন বিভাগের

ডঃ এমরান কবীর চৌধুরী, ভাষাতত্ত্ব বিভাগের ডঃ মোহাম্মদ জীনাত আলী ও আইন বিভাগের শাকিল্লা ফাহিমদা রহমান। এছাড়া ফিন্যান্স কমিটির একটি পদে ডঃ ইফতেখার গনি চৌধুরী।

সাদা দল থেকে যারা নির্বাচনে অংশ নিচ্ছেন তারা হলেন ডিন পদে জীব বিজ্ঞান অনুষদের ডঃ এ. কে. এম সিরাজুল ইসলাম খান, প্রভোস্ট পদে সূর্যসেন হলের প্রভোস্ট ডঃ আফ-ম ইউসুফ হায়দার, অধ্যাপক পদে ইতিহাস বিভাগের ডঃ আবদুল মহিন চৌধুরী, সহযোগী অধ্যাপক পদে রসায়ন বিভাগের ডঃ মোঃ আনোয়ারুল ইসলাম, সহকারী অধ্যাপক পদে ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের ডঃ জাহাঙ্গীর হোসেন সর্দার এবং প্রভাষক পদে হিসাব বিজ্ঞান বিভাগের মোঃ মহব্বত আলী।

একাডেমিক পরিষদের ৩টি সহযোগী অধ্যাপক পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন সমাজ বিজ্ঞান বিভাগের মাসুদা এম রশীদ চৌধুরী, প্রাণ রসায়ন বিভাগের ডঃ মোঃ এনামুল হক ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগের ডঃ মোঃ মাহবুবুর রহমান। সহকারী অধ্যাপক ও প্রভাষকদের ৩টি পদে প্রতিদ্বন্দ্বিতা করছেন নৃবিজ্ঞান বিভাগের ডঃ মোঃ আহসান আলী, পরিসংখ্যান বিভাগের মোঃ লুৎফুর রহমান ও বাংলা বিভাগের কামরুল হাসান বেগ।

গোলাপি দল থেকে ৫টি পদে যারা নির্বাচন করছেন তারা হলেন জিয়াউর রহমান হলের প্রভোস্ট ডঃ এআই মাহবুবউদ্দিন আহমেদ, অধ্যাপক পদে রসায়ন বিভাগের মঈনউদ্দিন আহমেদ, সহযোগী অধ্যাপক পদে সমাজ বিজ্ঞান বিভাগের ডঃ নেহাল করিম, সহকারী অধ্যাপক পদে দর্শন বিভাগের ডঃ সাল্লাউদ্দিন আহমেদ এবং ফিন্যান্স কমিটির ১টি পদে ব্যবস্থাপনা বিভাগের মোঃ মহিউদ্দিন।

নির্বাচনে শুধুমাত্র শিক্ষকরাই ভোট দিতে পারবেন। যারা ছুটিতে বা বিদেশে রয়েছেন তারা ভোট দিতে পারবেন না। এজন্যে ১২ শতাধিক শিক্ষকের মধ্যে এবারের ভোটার রয়েছেন ১ হাজার ২৩ জন। বিধান অনুযায়ী কোষাধ্যক্ষ নির্বাচন পরিচালনা করবেন। ১২ই নভেম্বর সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত টিএসসিতে ভোট অনুষ্ঠিত হবে।